

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
 ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
 মৎস্য ভবন, রমনা, ঢাকা
 www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.০৪.০০১.১৭.১

তারিখ: ২৬ মাঘ, ১৪২৩

০৮ ফেব্রুয়ারি, ২০১৭

বিষয়: মাসিক কৃষিকথার জন্য লেখক নির্বাচন প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি তথ্য সার্ভিস কর্তৃক প্রকাশিত ঐতিহ্যবাহী মাসিক কৃষিকথা পত্রিকাটি ৭৫ বছর ধরে কৃষি তথ্য ও প্রযুক্তি বিস্তারের জন্য প্রকাশিত হয়ে আসছে। পত্রিকাটি মূলত সমন্বিত কৃষি ষথাক্রমে কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন তথ্য প্রযুক্তি সম্বলিত ফার্ম ম্যাগাজিন। মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক তথ্য ও প্রযুক্তিভিত্তিক লেখার অভাবে প্রকাশনায় প্রায়ই সমস্যা হয় বলে সূত্রপত্রে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

সে প্রেক্ষিতে কৃষি তথ্য সার্ভিস কর্তৃক প্রকাশিত মাসিক কৃষিকথা পত্রিকাটিতে মৎস্য অধিদপ্তর হতে নিয়মিতভাবে মৎস্য প্রযুক্তি বিষয়ক লেখা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৩

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর

..... বিভাগ (সকল)



ড. মোঃ গোলজার হোসেন

উপপরিচালক

ফোন: 1712127634

ইমেইল: goljar_159@yahoo.com

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.০৪.০০১.১৭.১/১(৭)

তারিখ: ২৬ মাঘ, ১৪২৩

০৮ ফেব্রুয়ারি, ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

- ১) অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক (অভ্যন্তরীণ)/ পরিচালক (সামুদ্রিক)/ পরিচালক (রিজার্ভ)/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পারিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা, ।
- ২) পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ঢাকা।
- ৩) উপপরিচালক (প্রশাসন/ অর্থ ও পরিকল্পনা/ ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৪) প্রকল্প পরিচালক (সকল)..... (মাসিক কৃষিকথা পত্রিকাটিতে তাঁর প্রকল্প হতে নিয়মিতভাবে মৎস্য প্রযুক্তি ও তথ্য বিষয়ক লেখা প্রেরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হল, ।
- ৫) জেলা মৎস্য কর্মকর্তা (সকল), । (মাসিক কৃষিকথা পত্রিকাটিতে নিয়মিতভাবে মৎস্য প্রযুক্তি ও তথ্য বিষয়ক লেখা প্রেরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হলো, ।
- ৬) সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো, ।

কৃষিই সমৃদ্ধি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫



ফোন-৯১১২২৬০
ফ্যাক্স-৯১১৬৭৬৮

dirais@ais.gov.bd
www.ais.gov.bd

স্মারক নং ১২.০৫.০০০০.০১৫.০৬.০০১.১৪- ২৫৪

তারিখ: ০১/০২/২০২৭

বরাবর :

১. মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক ফার্মগেট, ঢাকা-১২১৫
২. মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিষয় : মাসিক কৃষিকথার জন্য লেখক নির্বাচন


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কৃষি তথ্য সার্ভিস কর্তৃক প্রকাশিত এতিহ্যবাহী মাসিক কৃষিকথা পত্রিকাটি ৭৫ বছর ধরে কৃষি তথ্য ও প্রযুক্তি বিস্তারে অসামান্য অবদান রেখে আসছে। কৃষিকথা মূলত সমন্বিত কৃষি তথ্য যথাক্রমে কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের বিভিন্ন তথ্য প্রযুক্তি সংবলিত একটি ফার্ম ম্যাগাজিন। প্রায়ই মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত তথ্য প্রযুক্তিভিত্তিক লেখার অভাবে প্রকাশনায় সমস্যা হয়। এতে কৃষিকথার অগণিত পাঠক মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক প্রবন্ধ পাঠ থেকে বঞ্চিত হয়। এ পরিপ্রেক্ষিতে কৃষিকথায় নিয়মিত সংযোজনের জন্য আপনার দক্ষতরের আগ্রহী, যোগ্য, বিশেষজ্ঞদের মাধ্যমে অত্র দফতরে লেখা পাঠানোর নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কৃষিকথায় সংশ্লিষ্ট দক্ষতরের নিয়মিত লেখাপ্রাপ্তির ক্ষেত্রে মহোদয়ের সান্নিধ্য সহযোগিতা কামনা করছি।

নিম্নের ই-মেইলে লেখা পাঠানোর অনুরোধসহ-

subomoml@gmail.com

editor@ais.gov.bd


(কৃষিবিদ মিজানুর রহমান)
পরিচালক
কৃষি তথ্য সার্ভিস

